দৈনিক ইত্তেফাক

106

তারিখ 13 APR 1998

পৃষ্ঠা কলাম

# পাবনা জেলায় প্রাথমিক শিক্ষার অগ্রগতি ব্যাহত

পাবনা সংবাদদাতা ।। জেলায় প্রাথমিক শিক্ষার অগ্রগতি আশানুরূপ নয় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত হইতেছে। দরিদ্র্য, অভিভাবকদের অনাগ্রহ বিদ্যালয়ের সংখ্যাল্পতা শিক্ষকদের পাঠদানে গাফিলতি, শিক্ষা উপকরণের অভাব বিদ্যালয়ের জীর্ণদশা মান্ধাতা পদ্ধতিতে শিক্ষাদান সরকারের সংশ্লিষ্ট বিভাগের বাস্তবমুখী পদক্ষেপের অভাব, দুর্নীতি ইত্যাদি কারণে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা নাজুক হইয়া পড়িয়াছে বলিয়া অভিজ্ঞমহল মনে করিতেছেন। এক পরিসংখ্যানে জানা যায়, পাবনা জেলায় মোট ২ হাজার ২ শত ৩১টি প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। ইহার মধ্যে সরকারী বিদ্যালয় ৬ শত ৬৪টি, বে-সরকারী রেজিষ্ট্রিবিহীন বিদ্যালয় ৪ শত ৪টি, বেসরকারী রেজিঃ বিদ্যালয় ৯১টি এবং বাকী ১১ শতাধিক বিদ্যালয় হাইস্কুল মাদ্রাসা কেজি স্কুল সংলগ্ন। জেলার ৯টি থানায় প্রাঃ বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা বর্তমানে ৩ লক্ষ ৯৫ হাজার ৮ শত ৯৮ জন। ইহাদের মধ্যে বিদ্যালয়ে যাইতেছে ৩ লক্ষ ৪১ হাজার ২ শত ৮০ জন। বাকী ৪৪ হাজার ৬ শত ১৮টি শিশু বিদ্যালয়ে যায় না। একই তথ্যে আরো জানা গিয়াছে, ১৯৯২ সালে জেলার বিদ্যালয়গুলিতে ৭৯ হাজার ৮ শত ৩০টি শিশু ছাত্র-ছাত্রী ভর্তি হয়। '৯৬ সালে দেখা যায় প্রাথমিক শিক্ষা শেষ করিয়াছে সর্বসাকুল্যে মাত্র ৪২ হাজার ২ শত ৮৯ জন। অবশিষ্ট ৩৭ হাজার ৫ শত ৪১ জন ছাত্র-ছাত্রী নানা কারণে মাঝপথে বিদ্যালয় ছাড়িয়া দিতে বাধ্য হয়। ঐ সময়ে ৩৭,৫৪১টি শিশু শিক্ষা গ্রহণ হইতে বঞ্চিত হইয়াছে। শিক্ষা হইতে বঞ্চিত এই বিরাট সংখ্যক শিশুর অনেকেই এখন তাহাদের অভিভাবক এবং বাহিরে পারিশ্রমিকের বিনিময়ে কাজ করিতেছে।